



বার্ষিক উন্নয়ন পরিকল্পনা
(২০২১-২২)



উপজেলা পরিষদ লোহাগাড়া, চট্টগ্রাম



বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২২)

প্রকাশকাল : জুলাই ২০২১ খ্রি.

উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম

গ্রন্থস্বত্ব :

লোহাগাড়া উপজেলা পরিষদ, চট্টগ্রাম

প্রকাশনায় :

জনাব জিয়াউল হক চৌধুরী বাবুল

চেয়ারম্যান

লোহাগাড়া উপজেলা পরিষদ

চট্টগ্রাম

সম্পাদনা :

জনাব মো: আহসান হাবিব জিতু

উপজেলা নির্বাহী অফিসার

লোহাগাড়া, চট্টগ্রাম

অর্থায়নে :

লোহাগাড়া উপজেলা পরিষদ, চট্টগ্রাম

সার্বিক সহযোগিতায় :

জনাব মো: মোসলেহ উদ্দীন, প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লোহাগাড়া, চট্টগ্রাম
মোহাম্মদ ইলিয়াছ, সঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, লোহাগাড়া উপজেলা পরিষদ, চট্টগ্রাম

তথ্য সংগ্রহ ও কম্পোজ :

জনাব মো: মোসলেহ উদ্দীন, প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লোহাগাড়া, চট্টগ্রাম
মোহাম্মদ ইলিয়াছ, সঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, লোহাগাড়া উপজেলা পরিষদ, চট্টগ্রাম

কৃতজ্ঞতায় :

লোহাগাড়া উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের বিভাগীয় কর্মকর্তাবৃন্দ ও ইউপি চেয়ারম্যানবৃন্দ

ডিজাইন ও মুদ্রণ : মদিনা প্রিন্টার্স, লোহাগাড়া, চট্টগ্রাম

উৎসর্গ
প্রিয় নোহাগাড়া উপজেলাবাসীকে



বাণী

লোহাগাড়া উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই (২০২১-২২) প্রণয়ন করা হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত হয়েছি। স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠা, দারিদ্র বিমোচন, স্থানীয় উন্নয়ন ত্বরান্বিত ও তৃণমূল পর্যায়ে অংশীদারিত্বমূলক গণতন্ত্র প্রতিষ্ঠায় এ বইটি সহায়ক ভূমিকা পালন করবে এবং উপজেলা পরিষদের কর্মকাণ্ডকে আরও গতিশীল করবে। এ পরিকল্পনা বই উপজেলা পরিষদের উন্নয়ন কার্যক্রমকে আরো গতিশীল রাখবে এবং এর সুদূর প্রসারী ফলাফল বয়ে আনবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ঘোষিত “দিন বদলের সনদ” বাস্তবায়নে এ উদ্যোগ যথার্থ ভূমিকা রাখবে বলে আমার প্রত্যাশা। এ উপজেলার সর্বসাধারণের জীবন মানসহ সামগ্রিক উন্নয়নে আমার প্রচেষ্টা অব্যাহত থাকবে।

ড. আবু রেজা মুহাম্মদ নেজাম উদ্দিন নদভী (এমপি)
২৯২ চট্টগ্রাম-১৫
নির্বাচনী এলাকা (সাতকানিয়া-লোহাগাড়া)
চট্টগ্রাম



বাণী

লোহাগাড়া উপজেলা পরিষদ ২০২১-২২ সালের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট বই প্রণয়ন করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। একটি ক্ষুধা ও দারিদ্রমুক্ত ডিজিটাল বাংলাদেশ বিগির্মাণে উপজেলা পর্যায়ে এই পরিকল্পনা প্রণয়ন নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে।

এক বছর মেয়াদী পরিকল্পনাটির সফল বাস্তবায়ন সম্ভব হলে লোহাগাড়া উপজেলার অবকাঠামো, শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ ও নারী উন্নয়ন ঘটবে মর্মে বিশ্বাস করি।

লোহাগাড়া উপজেলার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়নের এই উদ্যোগের জন্য উপজেলা পরিষদের সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আমি লোহাগাড়া উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়নের এই মহৎ প্রয়াসকে সাধুবাদ জানাই।

(মোহাম্মদ মমিনুর রহমান)
জেলা প্রশাসক
চট্টগ্রাম

বাণী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার একটি অন্যতম গুরুত্বপূর্ণ স্তর হলো উপজেলা পরিষদ। আমি জেনে আনন্দিত যে, লোহাগাড়া উপজেলায় বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে যাচ্ছে। এতে জন অংশগ্রহণের মাধ্যমে চাহিদা নিরূপণ করে অধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণ এবং জনগণকে সম্পৃক্ত রেখে প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে জনগণের প্রকৃত ক্ষমতায়ন সম্ভব। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে গণতান্ত্রিক, শক্তিশালী, স্বচ্ছ, জবাবদিহি, উন্নয়নমুখী ও সেবামুখী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে সরকার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। উপজেলা পরিষদকে সেবাদানকারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে স্থানীয়ভাবে জনগণের অংশগ্রহণে পরিকল্পনা গ্রহণ ও তা যথাযথভাবে বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন হলো এ লক্ষ্য অর্জনে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমরা জানি সুষ্ঠুভাবে কোন কাজ সম্পাদনের জন্য সঠিক ও বাস্তবভিত্তিক পরিকল্পনার কোন বিকল্প নেই। উপজেলা পরিষদ এর অন্যতম প্রধান কাজ হলো পাঁচশালা ও বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা এরই ধারাবাহিকতায় লোহাগাড়া উপজেলা জলায় পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। লোহাগাড়া উপজেলার অন্তর্গত নয়টি ইউনিয়নের সার্বিক উন্নয়ন কার্যক্রম, উপজেলা পর্যায়ের সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের চলমান কার্যক্রম ও আগামী এক বছরের উন্নয়ন কর্মকান্ডের তথ্যচিত্র এ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। জনগণের অংশগ্রহণে প্রস্তুত এ পরিকল্পনা স্থানীয় সম্পদ, উন্নয়ন সহযোগী এবং সরকারের নিকট হতে প্রাপ্ত অনুদানের অর্থে সুষ্ঠুভাবে বাস্তবায়িত হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। এ বৃহৎ কর্মকান্ডের সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

(বদিউল আলম)
উপ-পরিচালক (উপ-সচিব)
স্থানীয় সরকার বিভাগ
চট্টগ্রাম



বাণী

ক্ষমতার বিকেন্দ্রীকরণের অংশ হিসেবে ১৯৮২ সালে প্রণীত অধ্যাদেশের মাধ্যমে উপজেলা পরিষদ ব্যবস্থার প্রবর্তন হয়। ১৯৮৫ সালে প্রথম এবং ১৯৯০ সালে ২য় মেয়াদে উপজেলা পরিষদ নির্বাচন হয়। পরবর্তীতে ২০০৯ সালে উপজেলা পরিষদ নির্বাচন সম্পন্ন হয়।

সু-শাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা প্রতিটি কাজে প্রতিটি মানুষের দাবী। সকল কাজ ও প্রকল্পের কর্মপরিকল্পনা, কর্মপদ্ধতি সুচিন্তিত হলে এবং তা যদি সৎ, সুশিক্ষিত, জ্ঞানী, অভিজ্ঞ ও জনপ্রতিনিধি দ্বারা তৈরি করা ও বাস্তবায়িত হয়, তাহলে অবশ্যই সু-শাসন প্রতিষ্ঠিত হবে। কাজের স্বচ্ছতা থাকবে, থাকবে জবাবদিহিতা।

আমাদের এই দেশ একটি উন্নয়নশীল দেশ। আমাদের সম্পদ সীমিত কিন্তু মানব সম্পদ অধিক তাই কোন পরিকল্পনা ছাড়া যত্রতত্র অর্থ ব্যয় করে কোন কাজ করলে আমরা কোন দিনই উন্নতির শিখরে আরোহন করতে পারবোনা। বাংলাদেশের প্রতিটি গ্রামে উন্নয়নের ছোঁয়া লাগাতে প্রতিটি উপজেলায় জনসাধারণের কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পঞ্চ বার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নের জন্য একটি পরিকল্পনা প্রনয়ণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

তাই লোহাগাড়া উপজেলার প্রতিটি মানুষ যেন এই কর্ম পরিকল্পনার সুফল ভোগ করতে পারে সে জন্য আমি বর্তমান সরকারের আন্তরিকতার হাতকে আর ও সম্প্রসারিত করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। লোহাগাড়া উপজেলা জলার প্রতিটি মানুষ সুখে ও শান্তিতে থাকুক এই আমার একমাত্র প্রত্যাশা।

(জিয়াউল হক চৌধুরী বাবুল)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লোহাগাড়া, চট্টগ্রাম



১৯৯৮ সালে উপজেলা পরিষদ আইন প্রণীত হলেও উক্ত সময়ে উপজেলা পরিষদের নির্বাচন হয়নি। দীর্ঘ সময় পর বিগত তত্ত্বাবধায়ক সরকার উপজেলা পরিষদ আইন ১৯৯৮ রহিত করে স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) অধ্যাদেশ ২০০৮ জারির মাধ্যমে উপজেলা পদ্ধতি পুনঃপ্রচলন করে। ২০০৯ সালে উপজেলা পরিষদ নির্বাচন সম্পন্ন হয় এবং প্রায় একই সময়ে উপজেলা পরিষদ (রহিত পুনঃপ্রচলন ও সংশোধন) আইন, ১৯৯৮ পাশ ও জারি করা হয় এবং পরিষদকে অধিকতর কার্যকর করতে ২০১১ সালে উপজেলা পরিষদ (সংশোধন) আইন পাশ হয়।

আমি একজন জনপ্রতিনিধি হিসেবে এই প্রত্যাশা করি যেন লোহাগাড়া উপজেলার প্রতিটি মানুষ উন্নয়নের ছোঁয়া থেকে বঞ্চিত না হয়। আমরা হয়তো জনগণের সব আকাঙ্ক্ষা পূরণ করতে পারবনা। কিন্তু চেষ্টা করতে হবে একটু দায়মুক্ত হতে পারি কিনা। জনপ্রতিনিধি এবং উপজেলা প্রশাসন যদি একত্রিত হয়ে কাজ করে তাহলে আমার মনে হয় আমরা আমাদের কাজিত লক্ষ্যে পৌঁছতে পারব।

(এম. ইব্রাহিম)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লোহাগাড়া, চট্টগ্রাম

মহৎ কোন কর্ম সম্পাদনের জন্য প্রয়োজন নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য। আর পরিকল্পনা হচ্ছে কাজের অর্ধেক। জীবনের প্রতিটি কাজেই পূর্ব পরিকল্পনা থাকা প্রয়োজন। লক্ষ্য অর্জনের জন্য সুন্দর ও সঠিক কর্মপরিকল্পনা থাকলে আশানুরূপ লক্ষ্য অর্জন হবে। লোহাগাড়া উপজেলা জলা আমাদের প্রিয় জন্মভূমি। এ উপজেলায় একটি পঞ্চ বার্ষিকী পরিকল্পনা তৈরী করা হলে আইন-শৃংখলার উন্নতি সাধন, প্রাথমিক, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মান উন্নয়ন, যোগাযোগ ও ভৌত অবকাঠামোগত উন্নয়ন, স্বাস্থ্য ও স্যানিটেশন, সমাজসেবা, দারিদ্র দূরীকরণসহ জনকল্যাণ ও সু-শাসন নিশ্চিত হবে।

এ প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

(জেসমিন আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লোহাগাড়া, চট্টগ্রাম



বাণী

টেকসই অর্থনৈতিক উন্নয়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা অতীব গুরুত্বপূর্ণ বিষয়। সীমিত সম্পদের সর্বোচ্চ সদ্যবহারের মাধ্যমে কাজিত উন্নয়ন নিশ্চিত করার জন্য এতদসংক্রান্ত পরিকল্পনা প্রণয়নের কোন বিকল্প নেই। শিক্ষা, স্বাস্থ্য ও অবকাঠামোসহ বিভিন্ন ক্ষেত্রে লোহাগাড়া উপজেলার অবস্থান অনেক পিছনে। আগামী এক বছরে (২০২১-২২) এ সকল ক্ষেত্রে কাম্যমান অর্জনের মাধ্যমে লোহাগাড়া উপজেলাকে সুখী, সমৃদ্ধশালী, দারিদ্রমুক্ত, শিক্ষিত, আনুষ্ঠানিক উপজেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা পরিষদ সুনির্দিষ্ট পরিকল্পনা হাতে নিয়েছে।

উন্নয়ন পরিকল্পনায় জনঅংশগ্রহণ বর্তমান সময়ের একটি আলোকিত বিষয়। বাংলাদেশের সংবিধানে তৃণমূল পর্যায়ে গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠিত করার জন্য স্থানীয় সরকারকে প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান এবং সাথে জনগণের অংশগ্রহণে গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। উন্নয়ন কর্মসূচিতে সংশ্লিষ্ট জনগোষ্ঠীর অংশগ্রহণ বা মতামত প্রদানের বিষয়টি অবশ্যই খুবই ইতিবাচক ও যুগপযোগী। এর মাধ্যমে স্থানীয় উপকার ভোগীরা কার্যক্রমটিকে একান্ত নিজের মনে করতে পারে এবং সুষ্ঠুভাবে প্রকল্প বা কাজটি বাস্তবায়নের জন্য স্বেচ্ছায় অবদান রাখে।

লোহাগাড়া উপজেলা জলায় পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে জনঅংশগ্রহণে তথা জনগণের মতামতের বিষয়টিকে সর্বোচ্চ প্রাধান্য দেয়া হয়েছে। এ পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে বিগত বছর সমূহে রাজস্ব উন্নয়ন খাতে প্রাপ্তির ধারবাহিকতায় ভবিষ্যৎ সম্ভাব্য প্রাপ্তির বিষয়টি বিবেচনায় নেওয়া হয়েছে।

আশা করা যায় লোহাগাড়া উপজেলা জলা পরিষদ আগামী এক (২০২১-২০২২) বছরে দলমত নির্বিশেষে সকলের জন্য উন্নয়নে অশেষ অবদান রাখবে।

(মোঃ আহসান হাবিব জিতু)
উপজেলা নির্বাহী অফিসার
লোহাগাড়া, চট্টগ্রাম

সূচীপত্র

প্রথম অধ্যায়ঃ ভূমিকা, উপজেলার পরিচিতি ও নামকরণ

১.১	ভূমিকা	12
১.২	লোহাগাড়া উপজেলা পরিচিতি ও ঐতিহাসিক পটভূমি	12
১.৩	প্রাচীন কীর্তি	12
১.৪	লোহাগাড়া উপজেলার নামকরণ	12
১.৫	লোহাগাড়া উপজেলার ভৌগলিক পরিচিতি	12
১.৬	ভাষা ও সংস্কৃতি	12
১.৭	মুক্তিযুদ্ধে লোহাগাড়া	12
১.৮	প্রত্যাশা	13
১.৯	বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়নের উদ্দেশ্য	13
১.১০	বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়ন প্রক্রিয়া	13
১.১১	পরিকল্পনা বাস্তবায়ন কৌশল	14
১.১২	বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়নের সীমাবদ্ধতা	14
১.১৩	লোহাগাড়া উপজেলার মানচিত্র	14

দ্বিতীয় অধ্যায়ঃ উপজেলা আর্থ-সামাজিক তথ্য ভান্ডার

২.১	উপজেলার পরিষদ ও বিভিন্ন দপ্তরের আর্থ-সামাজিক তথ্য	15
-----	---	----

তৃতীয় অধ্যায়ঃ উপজেলার সম্পদ বিবরণী

৩.১	উপজেলার সম্পদের বিবরণী	19
-----	------------------------	----

চতুর্থ অধ্যায়ঃ পরিস্থিতি বিশ্লেষণ

৪.১	পরিস্থিতি বিশ্লেষণ	21
-----	--------------------	----

পঞ্চম অধ্যায়ঃ রূপকল্প

৫.১	রূপকল্প	21
-----	---------	----

ষষ্ঠ অধ্যায়ঃ বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য

৬.১	বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য	21
৬.২	উপজেলার এসডব্লিউওটি (SWOT) বিশ্লেষণ	22

সপ্তম অধ্যায়ঃ পরিস্থিতি বিশ্লেষণ

৭.১	বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য	22
৭.২	প্রকল্পের সার-সংক্ষেপ	26

অষ্টম অধ্যায়ঃ মনিটরিং ও মূল্যায়ন পদ্ধতি

৮.১	মনিটরিং ও মূল্যায়ন কৌশলের উদ্দেশ্য	36
৮.২	মনিটরিং ও মূল্যায়ন কৌশলের মানদণ্ড	36
৮.৩	মনিটরিং ফরম্যাট	36
৮.৪	মনিটরিং ও মূল্যায়ন প্রতিবেদনের কাঠামো	37

প্রথম অধ্যায়: ভূমিকা, উপজেলার পরিচিতি ও নামকরণ

১.১ ভূমিকাঃ

উপজেলা পরিষদ স্থানীয় সরকার ব্যবস্থার দ্বিতীয় ও গুরুত্বপূর্ণ স্তরের স্থানীয় সরকার। উপজেলা পরিষদ আইনে ১৯৯৮ (সংশোধিত ২০০৯ ও ২০১১) বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নকে অন্যতম কাজ হিসেবে উল্লেখ করা হয়েছে। উপজেলা পরিষদ আইনের ২৩ ধারা অনুযায়ী উপজেলা পরিষদের কার্যাবলীর তালিকায় বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রথম স্থানে রয়েছে। বাংলাদেশ সরকারের সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা উপজেলা পরিষদের ভূমিকা ইতোমধ্যে বিশেষভাবে স্বীকৃত হয়েছে। পরিকল্পনা ছাড়া কোন জাতি, দেশ বা সমাজ উন্নতির শিখরে অগ্রসর হতে পারেনা। পরিকল্পনা প্রণয়নে জাতীয় বা দেশ ভিত্তিক ফলাফল অর্জনের দিকে গুরুত্বারোপ করা হয়। উপজেলা পরিষদের সীমিত সম্পদের সাথে সামঞ্জস্য রেখে উপজেলার জনগণের চাহিদা ও অগ্রাধিকারের ভিত্তিতে লোহাগাড়া উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২২ প্রনয়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

১.২ লোহাগাড়া উপজেলা পরিচিতি ও ঐতিহাসিক পটভূমিঃ

লোহাগাড়া উপজেলা নয়টি ইউনিয়ন নিয়ে গঠিত। দক্ষিণে চকরিয়া, উত্তরে সাতকানিয়া, পশ্চিমে বাঁশখালী এবং পূর্বে বান্দরবানের পর্বতরাজি লোহাগাড়াকে ভিত্তি দান করেছে। লোহাগাড়া বাংলাদেশের চট্টগ্রাম জেলার অন্তর্গত একটি উপজেলা এটি চট্টগ্রাম জেলা শহর থেকে প্রায় ৬৪ কিলোমিটার দক্ষিণে অবস্থিত। ১৯৮৩ সালে সাতকানিয়া থানাকে ভাগ করে লোহাগাড়া থানা সৃষ্টি হয়। লোহাগাড়া নামকরণের পিছনে জনশ্রুতি আছে যে, এখানে লোহাগাড়া দীঘির পাড়ে শায়স্তা খা তৎপূর্বে কিছু সংখ্যক সৈন্য রাত্রি যাপনের জন্য অবস্থান নেয়। তাদের নিরাপত্তার জন্য তারা অদূরে চারদিকে কামান দ্বারা পরিবেষ্টিত করে রাখে। লোহার কামানের এ অবস্থান পরবর্তীতে লোকজন লোহাগাড়া হিসেবে আখ্যায়িত করে আসে। এভাবেই সম্ভবত এ উপজেলার নামকরণ লোহাগাড়া হয়। একাধিক পীর আউলিয়ার পূর্ণ্য স্মৃতি বিজড়িত ২৫৮.৮৭ বর্গ কিলোমিটার আয়তনের প্রায় ৩.০৩ লক্ষ লোকের বসবাস। লোহাগাড়ার জনগনের জীবনযাত্রা ব্যবসা ও কৃষি নির্ভর। একই সাথে উপজেলার উল্লেখযোগ্য সংখ্যক জনগোষ্ঠী মধ্যপাচ্যসহ পৃথিবীর বিভিন্ন দেশে ব্যবসা ও বিভিন্ন কর্মে নিয়োজিত রয়েছে।

১.৩ প্রাচীন কীর্তিঃ

বুলবুল ললিত একাডেমীর বুলবুল চৌধুরীর বাড়ী লোহাগাড়া উপজেলার চুনতি ইউনিয়নে। পৈত্রিক নিবাস এখনও সাংস্কৃতিক ঐতিহ্য বহন করছে। চট্টগ্রাম-কক্সবাজার সড়ক হতে ১ কিলোমিটার পশ্চিমে অবস্থিত। কক্সবাজার যাওয়ার সময় খুব সহজে এই বাড়ীর সান্নিধ্যে আসা যায়। চুনতি অভয়ারণ্য প্রাকৃতিক সৌন্দর্য্যেও এক লীলাভূমি। লোহাগাড়া উপজেলার চুনতি ইউনিয়নে এই অভয়ারণ্যটি অবস্থিত। চট্টগ্রাম-কক্সবাজার সহস্রাব্দের উপরে অবস্থিত এই অভয়ারণ্যটিতে নানা প্রজাতির প্রাণীর বিচরণক্ষেত্র। কক্সবাজার যাওয়ার পথে গাড়ী থামিয়ে এই প্রাকৃতিক অভয়ারণ্যটির সৌন্দর্য উপভোগ করা যায়। দক্ষিণ এশিয়া সাদা হাতির এক মাত্র প্রজজন ক্ষেত্র হিসেবে বিবেচিত।

১.৪ লোহাগাড়া উপজেলা নামকরণঃ

১৬৬০ মোগল রাজপুত্র শাহ সুজা ২য় মীর জুমলা থেকে পালাতে আরাকান রাজ্যে আশ্রয় নেয়। আরাকান যাবার সময় তিনি কিছুদিন চট্টগ্রাম ও কক্সবাজারের পাহাড়ি জায়গা (বর্তমানে চুনতি) অবস্থান করেছিলেন। প্রস্থান করার সময় চিহ্ন হিসাবে সেই জায়গায় একটি লোহার বার খোদাই করেছিলেন। ধারণা করা হয় শাহ সুজা দ্বারা লোহার বার খোদাই করার কারণে এই অঞ্চলটিকে লোহাগাড়া বলা হয়। কারন 'লোহ' অর্থ লোহা।

১.৫ লোহাগাড়া উপজেলা ভৌগলিক পরিচিতিঃ

লোহাগাড়া উপজেলা নয়টি ইউনিয়ন নিয়ে গঠিত। দক্ষিণে চকরিয়া, উত্তরে সাতকানিয়া, পশ্চিমে বাঁশখালী এবং পূর্বে বান্দরবানের পর্বতরাজি লোহাগাড়াকে ভিত্তি দান করেছে। চট্টগ্রাম জেলার সর্বদক্ষিণে অবস্থিত হলেও এ জনপদের জীবন যাপন আধুনিক।

চুনতি বন্যপ্রাণী অভয়ারণ্য অঞ্চলটি চট্টগ্রাম জেলার লোহাগাড়া ও বাঁশখালী উপজেলা এবং কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার মধ্যবর্তী সংযোগস্থলের নিবিড় পাহাড়ী এরােকার বিস্তৃত বনভূমি নিয়ে গঠিত। চট্টগ্রাম শহর থেকে ৭০ কিলোমিটার দক্ষিণে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের পশ্চিম পার্শ্বে প্রাকৃতিক বনভূমির চীববৈচিত্র সমৃদ্ধ অঞ্চল নিয়ে এই অভয়ারণ্যের অবস্থান। এ বনাঞ্চলে গর্জন, বৈলাম, তেলমুর, চাপরিশ, বাঁশ, বেতসহ অসংখ্য প্রজাতির ঔষধি গাছ ও লতাগুল্ম রয়েছে। বন্যহাতী, বানর, হরিণ, বন্য মুকুর, বনবিড়াল, খরগোশসহ প্রভূতি প্রজাতর প্রাণীর বিচরণ ক্ষেত্র।

১.৬ ভাষা ও সংস্কৃতিঃ

নানা মত ও বর্ণের লোকজনের বসবাসের মধ্যে দিয়ে এ এলাকার জনবসতি গড়ে উঠেছে। ইতিহাস নির্মাণকালে এ এলাকার বিদেশী বনিকদেও আনাগোনা ছিল। সেই সুবাদে ভিন্ন জাতিসত্তা ও অস্তিত্ব পরিলক্ষিত হয়।

১.৭ মুক্তিযুদ্ধে লোহাগাড়াঃ

মুক্তিযুদ্ধে লোহাগাড়ার অবদান চিরস্মরণীয়। উপজেলার বিভিন্ন স্থানে মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছে। পদুয়া ক্যাম্প থেকে মুক্তিযোদ্ধারা পাক বাহিনীর বিরুদ্ধে আক্রমণ পরিচালনা করত।লোহাগাড়া উপজেলার আমিরাবাদে ১৯৭১ সালের ৩০ এপ্রিল হানাদার পাকিস্তানী ও এদেশীয় দোসরদের সংগঠিত ২২ ব্যক্তির নির্মম হত্যাকাণ্ড নির্মমতার নিষ্ঠুর উদাহরণ। স্বজনহারা লোকজন অভিমত রেখেছেন ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বিজয় দিবসে বিজয়ীদের সাথে তারা বুক পাথর বেধে বিজয়ের মিছিলে शामिल হয়েছিলেন। তারা এখনও বিশ্বাস করেন, যারা তাদের স্বজনদের হত্যা করেছে, পুকুরের মাছ লুট করে সোনাদানা, হাড়িপাতিল, ভাতের থালা কেড়ে নিয়েছিল

তাদের বিচার বাংলার মাটিতে হবেই। অনেকে বয়সের ভাৱে ন্যূজ। কথা বলতে মুখ আড়স্থ হয়ে যায়। চোখে দেখেন না। বাড়ির আঙিনায় নিহতদের সমাধি মন্দির। ২২ জন হলেন যথাক্রমে উত্তর আমিরাবাদের অনিল বন্ধু দাশ, কবিরাজ নিরঞ্জন চৌধুরী, মন্টু রাম দে, দ্বারিশ নাথ চক্রবর্তী, মঙ্গলনগরের বসন্ত কুমার ধর, শেখর চন্দ্র ধর, রামচন্দ্র ধর, ধীরেন্দ্র চন্দ্র হাজারী, যতীন্দ্র লাল দাশ, মহেন্দ্র চন্দ্র ধর, শশাংক ধর, জগৎ বন্ধু ধর, জীবন হরি ধর, দুর্গাপদ ধর, ধীরেন্দ্র লাল ধর, শুভ্রসেন ধর, মনোরঞ্জন ধর, হরিশচন্দ্র ধর, কিরণ চন্দ্র ধর ও রমনী মোহন ধর, অন্নদা চরণ ধর ও জগৎবন্ধু ধর প্রমুখ। শহীদদের অনেকের পুত্র-কন্যা ও বিধবা স্ত্রী বেঁচে আছেন, তাদের বসত বাড়ির আঙিনাই বধ্যভূমি। ঘটনার দিন ছিল ১৫ বৈশাখ কারো মতে ২৯ কিংবা ৩০ এপ্রিল ১৯৭১ সাল। জাতির জনকের ৭ মার্চের ভাষণ প্রচারিত হবার পর থেকে আমিরাবাদসহ বিভিন্ন এলাকার হিন্দু অধ্যুষিত এলাকা ও স্বাধীনতাকামী লোকজন তাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুতার মোকাবেলার জন্য প্রস্তুত হতে থাকেন। কিন্তু ২৫ মার্চ কালোরাত্রির পর তাদের মাঝে আতংক বিরাজ করে। মুসলিমলীগের স্থানীয় নেতৃবৃন্দ আতংক ছড়িয়েছিলেন। হিন্দু পাড়ায় ও তার ব্যত্যয় ঘটেনি বলে তারা জানালেন। ঘটনার দিন অনুমান সকাল ১০টায় স্থানীয় মুসলী পাড়ার জৈনিক রাজাকার দুট্রাক পাঞ্জাবী সৈন্য নিয়ে মরহুম চেয়ারম্যান শাহ আলম খানের পুকুর পাড়ে থামে। তারা সংখ্যায় আনুমানিক ৩০ হতে ৪০ জন ছিল। দুদলে বিভক্ত হয়ে যায়। একদল পাড়ার পূর্বপার্শের রাস্তা ও অপর দল বসন্ত মহাজনের বাড়ি হয়ে খালপাড়ের দিকে চলে যায়। তখন লোকজন আতংকিত হয়ে কেউ মন্দির, বসতবাড়ি ও ঝোপঝাড় লুকানোর চেষ্টা চালায়। অনেকে ছুটাছুটি করে। তখন পাথির মত তাদের গুলি করে হত্যা করা হয়। গান পাউডার দিয়ে বাড়িঘর জ্বালিয়ে দিয়ে পৈশাচিক উন্মত্ততায় মেতে উঠে। অনধিক দুঘন্টা তারা তাস্তব চালায়। তাদের উপস্থিতিতে লুটপাট চালানো হয়। জৈনিক পুলিন ধর তার পাঁচ মাস বয়সী ছেলেকে নিয়ে মন্দিরে আশ্রয় নিয়েছিলেন। তাকে মারার পর তার ছেলে এখনও আগুনের পোড়া দাগ নিয়ে বেঁচে আছেন। যাদেরকে হত্যা করা হয় তারা ছিলেন অত্যন্ত নীরহ। অনেকে দিন মজুর ছিলেন। দিন মজুর মন্টুরামকে যখন গুলি করা হয় তখন তার কোলে ছিল এক বছরের শিশু। লুটপাট চালানোর তাস্তব সাজ হলেও নিহতদের ব্যাপারে কোন ব্যবস্থা নেয়া হয়নি। সারাদিন লাশগুলো পড়ে ছিল। নির্বাক পাথরের মত বেঁচে যাওয়া লোকজন কিংকর্তব্যবিমূঢ় অবস্থায় ভেবে পাচ্ছিলেন না তারা কি করবেন, কোথায় যাবেন। এ অবস্থায় নিহতদের আত্মীয় স্বজনরা এসে রাতের অন্ধকারে যে যেখানে যে অবস্থায় রয়েছে সে অবস্থায় মাটি চাপা দেন। অনেকের বাড়ির দরজা, রোয়াকে, পুকুর পাড়ে তাদের সমাহিত করা হয়। সময়ের অভাবে একটি গর্তে পাঁচটি মৃত দেহ চাপা দেয়া হয়েছে। যাদের কোন ক্রিয়া পর্যন্ত হয়নি। লুটোরার দলের অনেকে হিন্দুদের গাছ, ঘরের বোরখা, দরজা, টিন খুলে নিয়ে গিয়েছিল। একজন প্রভাবশালী লুটেরা গণিমতের মাল আখ্যা দিয়ে লুট করা গাছের খুটি, টিন একটি শিক্ষা প্রতিষ্ঠানে সন্নিবেশিত করেছিলেন।

১.৮ প্রত্যাশাঃ

লোহাগাড়া উপজেলার সকল স্তরের জনগণের অংশগ্রহণের মাধ্যমে উপজেলা পরিষদের সকল বিভাগ ও ইউনিয়ন পরিষদকে সাথে নিয়ে এলাকার সার্বিক সমন্বিত টেকসই উন্নয়ন কল্পে, লোহাগাড়া উপজেলার জনগণের প্রয়োজনীয় বাস্তব ভিত্তিক ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা বাস্তবায়ন করে একটি উন্নয়নকামী শক্তিশালী উপজেলা প্রতিষ্ঠা করা।

১.৯ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়নের উদ্দেশ্যঃ

উপজেলা পরিষদের সম্পদের সীমাবদ্ধতা রয়েছে। তাই এই সীমাবদ্ধ সম্পদের অগ্রাধিকার ভিত্তিক এবং সঠিক ব্যবহারের জন্য পরিকল্পনা প্রণয়ন করা অত্যাৱশ্যক। কারণ পরিকল্পনার মাধ্যমেই সম্পদের যথাযথ ব্যবহার করা সম্ভব। উপজেলা পরিষদের এলাকায় বর্তমানে বিভিন্ন স্টকহোল্ডারদের অর্থাৎ উপজেলা পরিষদের হস্তান্তরিত, অহস্তান্তরিত এবং অন্যান্য বিভাগ বা সংস্থাসমূহ তাদের বিভাগীয় উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করছে। কিন্তু চলমান উন্নয়ন কার্যক্রম এর মধ্যে সমন্বয় না থাকার কারণে কার্যক্রম এর ক্ষেত্রে দক্ষতা পরিকল্পিত হচ্ছে না। ফলে সম্পদের সুষ্ঠু ও অগ্রাধিকার ব্যবহার নিশ্চিত করা হচ্ছে না। বাংলাদেশ সরকারের সহস্রাব্দ উন্নয়নের লক্ষ্য এবং উপজেলা পরিষদের সকল স্টকহোল্ডারদের অর্থাৎ হস্তান্তরিত ও অহস্তান্তরিত, অন্যান্য বিভাগ এবং ইউনিয়ন পরিষদের সম্পদ, কার্যক্রম এবং উন্নয়ন পরিকল্পনাকে সমন্বিত করে উপজেলা ভিত্তিক সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে পরিকল্পনা বই তৈরির উদ্যোগ নেয়া হয়েছে।

১.১০ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়ন প্রক্রিয়াঃ

উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে সম্পৃক্ত করে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় কতগুলো ধাপ অনুসরণ করা হয়েছে।

প্রথমতঃ বার্ষিক উন্নয়নের পরিকল্পনা প্রণয়নের জন্য লোহাগাড়া উপজেলা পরিষদ বিশেষ সভায় উপজেলা পরিষদের সকল বিভাগীয় প্রধানদের সমন্বয়ে একটি পরিকল্পনা কমিটি গঠন করা হয়।

দ্বিতীয়তঃ উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্যগণকে উদ্বুদ্ধ ও সম্পৃক্ত করে খাতভিত্তিক সমস্যা বিশ্লেষণ অগ্রাধিকার নিরূপনের মাধ্যমে খাতভিত্তিক ও পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। অতপর পরিকল্পনা কমিটি উপজেলা কমিটি সমূহের নিকট থেকে খাতভিত্তিক প্রস্তাবনা সংগ্রহ করে একটি সমন্বিত খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরি করে।

তৃতীয়তঃ উপজেলা পরিষদের সকল হস্তান্তরিত এবং অ-হস্তান্তরিত ও অন্যান্য বিভাগকে উদ্বুদ্ধ ও সম্পৃক্ত করে বিভাগ ভিত্তিক পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরি কর হয়। পরবর্তিতে পরিকল্পনা কমিটি উপরোক্ত বিভাগ ভিত্তিক তথ্য ও পরিকল্পনার সমন্বয়ে উপজেলা পরিষদের খসড়া সমন্বিত বার্ষিক পরিকল্পনা তৈরি করা হয়েছে।

চতুর্থতঃ উপজেলা পরিষদের বিশেষ সভায় পরিকল্পনা কমিটি সমন্বিত খসড়া বার্ষিক পরিকল্পনা উপস্থাপন করে। উক্ত বিশেষ সভায় সমন্বিত খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয় এবং অংশগ্রহণকারীগণ তাদের মূল্যবান মতামত ও সুপারিশ প্রদান করে। সবশেষে উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনাটি চূড়ান্ত অনুমোদন করে।

১.১১ পরিকল্পনা বাস্তবায়ন কৌশলঃ

- ক) সরকারী অন্যান্য বিভাগের সাথে সম্পূরক/পরিপূরক প্রকল্প গ্রহণ।
- খ) উপজেলা, ইউনিয়ন পরিষদ, এনজিও এবং ব্যক্তির মধ্যে সম্পদ ও প্রকল্পের সমন্বয় সাধন।
- গ) অংশ গ্রহণমূলক মনিটরিং প্রক্রিয়া অনুসরণ।
- ঘ) নিম্ন থেকে উর্ধ্বমুখী পরিকল্পনা প্রক্রিয়া অনুসরণ।

১.১৩ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়নের সীমাবদ্ধতাঃ

লোহাগাড়া উপজেলা পরিষদ পর্যায়ে বার্ষিক পরিকল্পনা প্রণয়নের প্রথম উদ্যোগ হিসেবে এই পরিকল্পনা বই এর কিছু সীমাবদ্ধতা রয়েছে। এই বার্ষিক পরিকল্পনার বই-এর উল্লেখযোগ্য অংশ হল হস্তান্তরিত, অহস্তান্তরিত এবং অন্যান্য সকল বিভাগ/সংস্থাসমূহ থেকে ভিত্তি তথ্য এবং তাদের বর্তমান কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহকরা এবং সেই তথ্যের বিশ্লেষণ করা। কিন্তু বাস্তবতা হচ্ছে বিভিন্ন বিভাগের তথ্যের ঘাটতি এবং বর্তমান কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য সরবরাহ করার ক্ষেত্রে বিভাগসমূহের আগ্রহ কম ছিল। এমতাবস্থায়, পরিকল্পনা বই প্রণয়নের ক্ষেত্রে নির্দেশনা অনুযায়ী সকল বিভাগ/সংস্থাসমূহের প্রয়োজনীয় তথ্যও সময়মত পাওয়া যায়নি।

উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে সকল স্টকহোল্ডার অর্থাৎ হস্তান্তরিত, অ-হস্তান্তরিত এবং বিভাগসমূহকে পরিকল্পনা বিষয়ে উদ্বুদ্ধ এবং সম্পৃক্ত করা একটি সময়-সাপেক্ষ প্রক্রিয়া কিন্তু এই পরিকল্পনা বই তৈরির ক্ষেত্রে প্রয়োজনীয় সময় পাওয়া যায়নি। পরিকল্পনা বই প্রণয়নের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে কর্মরত অনেক প্রতিষ্ঠান তথ্য প্রদানের ক্ষেত্রে এবং তাদের বর্তমান কার্যক্রমের তথ্য প্রদানের ক্ষেত্রে সংশয় প্রকাশ করেছে। অনেক প্রতিষ্ঠান তাদের কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন দেওয়ার ক্ষেত্রে তাদের উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনের কথা উল্লেখ করেছে। ফলে সঠিক সময়ে তাদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য পাওয়া সম্ভব হয়নি।

১.১৪ লোহাগাড়া উপজেলার মানচিত্রঃ



২.১ উপজেলা পরিষদ এবং বিভিন্ন বিভাগের আর্থ-সামাজিক তথ্যঃ

উপজেলার মোট আয়তন	ঃ ২৫৮.৮৭ বর্গ কিঃমিঃ
বর্তমান লোক সংখ্যা	ঃ ৩০৩,৪৫৩ জন
প্রতি বর্গ কিঃমিঃ লোকসংখ্যার ঘনত্ব	ঃ ১১৭২ জন
এ উপজেলায় লোক সংখ্যার	ঃ শতকরা ৯৪ ভাগ মুসলমান
বর্তমান শিক্ষার হার	ঃ ৬৪.৬০ ভাগ।

এ উপজেলার জনগণের মূল কাজ কৃষি হলে ও আর্থ সামাজিক অবস্থার পরিবর্তন এবং ক্ষুদ্র শিল্প, ব্যবসা বানিজ্য সম্প্রসারণের কারণে অ-কৃষিজীবির সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তদুপরি কৃষি যান্ত্রিকীকরণের ফলে মূল্য বৃদ্ধি ও প্রাকৃতিক দুর্যোগের কারণে কৃষির প্রতি একটা অনগ্রহের প্রবনতা লক্ষ্য করা যায়।

লোহাগাড়া উপজেলার ক) উত্তরে সাতকানিয়া উপজেলা খ) দক্ষিণে-চকরিয়া উপজেলা, গ) পূর্বে-লামা উপজেলা ঘ) পশ্চিমে-বাশঁখালী উপজেলা অবস্থিত

সরকারী মাধ্যমিক বিদ্যালয়	ঃ ০১ টি
সরকারী কলেজ	ঃ ০১ টি
বেসরকারী কলেজ	ঃ ০৩ টি
জনসংখ্যার ঘনত্ব	ঃ ১১৭২ জন/ বঃ কিঃ মিঃ
ইউনিয়ন পরিষদ	ঃ ০৯ টি
পৌরসভা	ঃ ০০টি
হাট বাজার	ঃ ১৭ টি
কলেজ	ঃ ০৩ টি
বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়	ঃ ৩১ টি
বেসরকারী মাদ্রাসা	ঃ ২৯ টি
এবতেদায়ী মাদ্রাসা	ঃ ৪৫ টি
কিন্ডার গার্টেন	ঃ ১৭ টি
বেসরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	ঃ ১০ টি
গ্রাম	ঃ ১৪৬টি
শিক্ষার হার	ঃ ৫৬.৭৮%,
এনজিও	ঃ ১৪ টি
নির্বাচনী এলাকা	ঃ ২৯২ চট্টগ্রাম-১৫ (সাতকানিয়া-লোহাগাড়া)

ভূমি ও রাজস্ব সংক্রান্ত

ইউনিয়ন ভূমি অফিস	ঃ ০৩ টি
পৌর ভূমি অফিস	ঃ ০০ টি
হাট-বাজারের সংখ্যা	ঃ ২১ টি

স্বাস্থ্য সংক্রান্ত

১। ৯টি ইউনিয়নে বর্তমানে চালুকৃত ৩৮টি সি.সি.সি. (কমিউনিটি ক্লিনিক) মধ্যে পুরাতন ৩৪টি (দীর্ঘ ৭ বৎসর বন্ধ ছিল- ২০১১ ইং হইতে ২০১৩ইং পর্যন্ত মেরামত ও সংস্কার করা হইয়াছে এবং ৪টি ২০১১-২০২১ইং পর্যন্ত সময়ে নতুন নির্মিত হয়েছে) চিকিৎসা মূলক সেবার মাধ্যমে পর্যাপ্ত পরিমাণে ঔষধ সরবরাহ করা হইতেছে এবং স্বাস্থ্য শিক্ষা দেওয়া হইতেছে। এ কার্যক্রমে জানুয়ারী - ২০১০ইং হইতে ডিসেম্বর/২০২০ইং পর্যন্ত ২,৩৯,৭১৬ জনকে সেবা প্রদান করা হইয়াছে। বর্তমানে ১০টি সি.সি.সি. নতুন ভাবে নির্মাণের জন্য প্রক্রিয়াধীন।

২। ৯টি ইউনিয়নে ৯টি মেডিকেল টিম এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১টি মেডিকেল টিম সার্বক্ষণিক ডায়রিয়া নিয়ন্ত্রণ ও অন্যান্য রোগ বালাই কাজে নিয়োজিত রহিয়াছেন।

পরিবার পরিকল্পনা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র	ঃ ০৫ টি
মা ও শিশু কল্যাণ কেন্দ্র	ঃ ০১ টি
এম.সি.এইচ. ইউনিট	ঃ ০১টি

প্রাণি সম্পদ

উপজেলা পশু চিকিৎসা কেন্দ্র	ঃ ০১ টি
পশু ডাক্তারের সংখ্যা	ঃ ০১ জন
গবাদি পশু/ দুগ্ধ খামার খামার	ঃ ৩০১ টি

ছাগলের খামার	: ১৫ টি
ভেড়ার খামার	: ০৫ টি
ব্রয়লার মুরগীর খামার	: ১৪৩টি
লেয়ার মুরগীর খামার	: ১২টি
হাসের খামার	: ০৫ টি
কবুতরের খামার	: ১১০টি

সমবায় সংক্রান্ত

কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ	: ০৪ টি
পউবো সমিতি	: ০১টি
সাধারণ সমবায় সমিতি	: ৪৮৭ টি

তথ্য সেবা প্রাপ্তির ক্ষেত্রে অভিযোগ কিংবা বিধি সম্মত তথ্যের জন্য নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করা যাবে :

উপজেলা নির্বাহী অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম

ফোন : ০৩৪২২-৫৬০৫০, ফ্যাক্স : ০৩৪২২-৫৬৫০১

ই-মেইল : unolohagara@mopa.gov.bd, ওয়েবসাইট ঠিকানা : www.lohagara.chattogram.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় লোহাগাড়া, চট্টগ্রাম

সিটিজেন চার্টার (Citizen Charter)


ক্রমিক নং	সেবার নাম	সেবা প্রদানের সময় সীমা	সেবা প্রদানের প্রদ্ধতি	সেবা প্রদানের স্থান
০১	কৃষি/অকৃষি খাস জমি বন্দোবস্ত, পেরীফেরীভূক্ত হাট-বাজার একসনা বন্দোবস্ত ও প্রযোজ্য ক্ষেত্রে ভূমি সংক্রান্ত বিষয়।	সহকারী কমিশনার (ভূমি) হতে প্রাপ্তির পর ৩ (তিন) দিনের মধ্যে।	উপজেলা ভূমি অফিস হতে প্রস্তাব প্রেরণের পর উপজেলা নির্বাহী অফিস হতে প্রস্তাবটি সুপারিশ সহকারে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে অগ্রবর্তী করা হয়।	সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় ও ভূমি মন্ত্রণালয়।
০২	ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দে গৃহীত প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম (টি.আর, কাবিখা, কাবিটা ও ত্রাণ সামগ্রী)।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হতে প্রস্তাব প্রাপ্তির পর ২ (দুই) দিনের মধ্যে।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট থেকে প্রস্তাব প্রাপ্তির পর সভায় সিদ্ধান্ত গ্রহণ করতঃ জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়।	প্রকল্প বাস্তবায়ন অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় ও প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ অফিস।
০৩	এল.জি.ই.ডি কর্তৃক গৃহীত ও বাস্তবায়িত প্রকল্প, প্রযোজ্য ক্ষেত্রে ঠিকাদারের বিল/প্রকল্প কমিটির সভাপতির বিল প্রদান।	উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে প্রস্তাব প্রাপ্তির পর ২ (দুই) দিনের মধ্যে।	উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে প্রস্তাব প্রাপ্তির পর বিল অনুমোদন, প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন।	উপজেলা প্রকৌশলীর কার্যালয়, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ও প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ অফিস।
০৪	হাট-বাজার বাৎসরিক ইজারা প্রদান।	প্রতি বছরের ১লা বৈশাখের আনুমানিক ২ (দুই) মাস পূর্বে কার্যক্রম গ্রহণ করা হয়।	হাট-বাজার নীতিমালা অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় এবং প্রযোজ্য ক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়।
০৫	জলমহাল ইজারা প্রদান।	প্রতি বছরের ১লা বৈশাখের আনুমানিক ২ (দুই) মাস পূর্বে কার্যক্রম গ্রহণ করা হয়।	জলমহাল ইজারার নীতিমালা অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়।

০৬	সভাপতি হিসাবে দায়িত্ব পালনকারী বে-সরকারী কলেজ, হাই স্কুল ও মাদ্রাসার বেতন বিল প্রদান ও শিক্ষা প্রতিষ্ঠানের বিবিধ প্রশাসনিক কার্যাবলী।	শিক্ষা প্রতিষ্ঠান হতে বেতন বিল প্রাপ্তির ২ (দুই) দিনের মধ্যে এবং যে কোন প্রশাসনিক কাজের প্রস্তাব প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে।	প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বিল দাখিলের পর।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়।
০৭	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য, সদস্যদের সরকারী অংশের সম্মানী ভাতা প্রদান এবং সচিব ও গ্রাম পুলিশদের বেতন ভাতা প্রদান।	সরকারী বরাদ্দ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে।	সরকারী বরাদ্দ প্রাপ্তির পর সম্মানী ভাতা বা বেতন ভাতা ব্যাংক থেকে কালেকশন করে প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়।
০৮	ধর্ম মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, জেলা পরিষদ, সংস্থা / বিভাগ কর্তৃক বিবিধ অনুদান বিতরণ।	বরাদ্দ প্রাপ্তির পর বিষয়টি সুফলভোগীকে অবহিত করা হয়। সুফলভোগী কর্তৃক চাহিদা মোতাবেক কাগজ-পত্রাদি দাখিলের পর ৩ (তিন) দিনের মধ্যে অর্থ প্রদান করা হয়।	সুফলভোগী কর্তৃক চাহিদা মোতাবেক কাগজ-পত্রাদি দাখিলের পর উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অর্থ প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা হিসাব রক্ষণ অফিস, প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা।
০৯	জেনারেল সার্টিফিকেট মামলা।	বিধি মোতাবেক।	চ.উ.জ. অপঃ, ১৯১৩ অনুযায়ী।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়।
১০	মোবাইল কোর্ট পরিচালনা ও রিপোর্ট রিটার্ণ প্রেরণ।	প্রতি সপ্তাহে একদিন।	সরকারের আদেশ ও বিভিন্ন আইন মোতাবেক।	উপজেলা নির্বাহী অফিসার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট।
১১	হজুব্রত পালনের ফরম বিতরণ ও পরামর্শ প্রদান।	আবেদনের সাথে সাথে।	আবেদন মোতাবেক উপজেলা নির্বাহী অফিস হতে ফরম, তথ্য ও পরামর্শ প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিস ও জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়।
১২	স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) সংক্রান্ত পরামর্শ, তথ্য ও করণীয় সম্পর্কে সেবা প্রদান।	চাহিদা মোতাবেক স্বল্প সময়ে প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিসে এসে পরামর্শ চাওয়া হলে পরামর্শ প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিস ও ইউপি চেয়ারম্যান।
১৩	বিভিন্ন কমিটির সভাপতির দায়িত্ব পালন।	কমিটির সদস্য-সচিবের সাথে আলাপের মাধ্যমে সম্ভাব্য স্বল্পতম সময়ে।	সদস্য-সচিবের চাহিদা মাফিক।	বিভাগীয় কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার।
১৪	বি.সি.আই.সি/ভর্তুকি সারের প্রতিবেদন প্রেরণ।	আগমনী বার্তা প্রাপ্তির দিন।	সরেজমিনে পরিদর্শন পূর্বক।	উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার।
১৫	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল কমিটি।	অভিযোগ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের প্রোগ্রাম অফিসার কর্তৃক সংশ্লিষ্ট পক্ষদ্বয়কে নোটিশ প্রদান করা হয়।	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল কমিটি কর্তৃক পক্ষদ্বয়ের শুনানী গ্রহণ শেষে নিষ্পত্তি করা হয়।	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কার্যালয়ের প্রোগ্রাম অফিসার, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার।

এছাড়াও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উপজেলায় নিম্নোক্ত কার্যাবলী সম্পাদিত হয়ে থাকে।

- ❖ সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রম জোরদার করণ।
- ❖ ইউনিয়ন পরিষদের সঙ্গে পত্র যোগাযোগ।
- ❖ প্রাকৃতিক দুর্যোগ, দুর্ভিক্ষ ও মহামারীর সময় ত্রাণ কাজে সহায়তা প্রদান।
- ❖ আইন-শৃংখলা রক্ষায় প্রয়োজনীয় সহায়তা প্রদান।
- ❖ সরকারী কার্যক্রমের সহায়ক শক্তি হিসাবে দায়িত্ব পালন।
- ❖ উপজেলা পর্যায়ে উন্নয়ন ও প্রশাসনিক কাজের তদারকিকরণ।
- ❖ বিভাগীয় কর্মকর্তাদের সাথে সমন্বয়ের দায়িত্ব পালন।
- ❖ মন্ত্রণালয়ের সকল নীতিমালা মাঠ পর্যায়ে বাস্তবায়ন।
- ❖ ভ্রাম্যমান আদালতের মাধ্যমে বাল্য বিবাহ প্রতিরোধে ভূমিকা পালন।
- ❖ ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ইলিশ সম্পদ (জাটকা) সম্পদ রক্ষা।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সাংগঠনিক কাঠামোঃ



লোহাগাড়া উপজেলা পরিষদ কার্যালয়ের সাংগঠনিক কাঠামোঃ

- ১) সাঁটমুদ্রাক্ষরিক - ০১ জন
- ২) গাড়ী চালক - ০১ জন
- ৩) অফিস সহায়ক - ০২ জন
- ৪) মালী (অস্থায়ী) - ০১ জন

তৃতীয় অধ্যায়ঃ উপজেলার সম্পদ বিবরণী

৩.১ উপজেলার সম্পদের বিবরণীঃ

উপজেলা পর্যায়ে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বিভিন্ন উৎস থেকে লভ্য সম্পদঃ

জাতীয় পরিকল্পনা ও প্রকল্প	স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন প্রকল্প	শিল্প/বাণিজ্যিক উদ্যোগ	অন্যান্য প্রকল্প
উপজেলায় জাতীয় প্রকল্পসমূহ	উপজেলা পরিষদের প্রকল্পসমূহ	শিল্প/বাণিজ্যিক প্রকল্পসমূহ	সংসদ সদস্যের অগ্রাধিকার প্রকল্প এনজিওসমূহের প্রকল্প
জেলা/ উপজেলা পর্যায়ের প্রকল্প	জেলা পরিষদের প্রকল্পসমূহ		
সরকারি বিভাগসমূহের ইউনিয়ন পর্যায়ের প্রকল্প	পৌরসভার প্রকল্পসমূহ	ব্যাংকিং/ঋণ কর্মসূচি	সিএসও'র প্রকল্পসমূহ
	ইউনিয়ন পরিষদের প্রকল্পসমূহ		

উপজেলার সম্পদ বিবরণীর সার-সংক্ষেপঃ

	অর্থায়নের উৎস	বার্ষিক গড় বরাদ্দ
১	বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) মঞ্জুরি	৮০,০০,০০০.০০
২	বিশেষ কর্মসূচির মঞ্জুরি	
৩	স্থানীয়ভাবে আহোরিত সম্পদ	১,৪৩,০০,০০০.০০
৪	উপজেলায় বাস্তবায়নের জন্য জাতীয় প্রকল্প বাবদ এনবিডিসমূহের বাজেট	
৫	পৌরসভা উন্নয়ন কর্মসূচির মঞ্জুরি	
৬	জাতীয় প্রকল্পঃ ইউজিডিপি	৬০,০০,০০০.০০
৭	এনজিও/ সিএসও প্রকল্প	
৮	ব্যক্তিখাতের প্রকল্প	

খাত	সমস্যা সমূহের বিবরণ				সাম্প্রতিক, চলমান ও পরিকল্পিত কার্যাবলী	১ বছর পর পরিস্থিতির পূর্বাভাস	সুযোগ/ ঝুঁকি
	সমস্যার ধরণ	অবস্থান	পরিমাণ/ বিস্তৃতি	কারণ			
যোগাযোগ ও ভৌত অবকাঠামো	অনুল্লত যোগাযোগ ব্যবস্থা	সকল ইউনিয়ন	৬০০ কিমি	বাজেটের স্বল্পতা	২৫ কিমি রাস্তা নির্মান ও সংস্কার হচ্ছে	৫০ কিমি রাস্তা উন্নত যোগাযোগ ব্যবস্থার আওতায় আসবে	প্রতি বছর রক্ষণাবেক্ষনের জন্য বাজেট বরাদ্দ রাখতে হবে
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহ	সমন্বিত নিরাপদ পানি সরবরাহ ও সুয়েরেজ ব্যবস্থা নেই	পুরো উপজেলা	৩০০ কিমি	বাজেটের স্বল্পতা ও উদ্দোগের অভাব	১০০ টিগভীর টিউবেউল স্থাপন করা হচ্ছে	৩০০ লোক নিরাপদ পানি পাবে	প্রতি বছর রক্ষণাবেক্ষনের জন্য বাজেট এবং নতুন নতুন বরাদ্দ রাখতে হবে
শিক্ষা	শিক্ষার্থীদের বারে পড়া ও মাধ্যমিক স্কুলে মাল্টি মিডিয়া শ্রেণী কক্ষের অভাব	সকল ইউনিয়ন ও ৭৫ টি মাধ্যমিক স্কুলে	৫০০০ শিক্ষার্থী সরাসরি ক্ষতিগ্রস্থ	সচেতনতা এবং বাজেট ও ব্যবস্থাপনার অভাব	টিফিন বক্স বিতরণ এবং ১০ টি স্কুলে মাল্টি মিডিয়া উপযোগী শ্রেণী কক্ষ তৈরী হচ্ছে	৫০ টি স্কুলে উপস্থিতি বারবে এবং ১০ টি মাধ্যমিক স্কুলে মাল্টি মিডিয়া উপযোগী শ্রেণী কক্ষের মাধ্যমে পাঠদান করাণো যাবে	সংশ্লিষ্ট দপ্তর ও উপজেলা পরিষদকে বাজেট বরাদ্দ রাখতে হবে (প্রতি বছর)
কৃষি ও সেচ	নিরাপদ খাদ্য শস্য উৎপাদনে সচেতনতার অভাব, অপরিকল্পিত ভাবে ছ-গর্ভস্থ পানি সেচ হিসেবে ব্যবহার, কৃষি উপকরণ (বীজ, সার ও কীটনাশক) এর অদক্ষ ব্যবহার	পুরো উপজেলা	হাজার হাজার কৃষক এ সব সমস্যা মোকাবেলা করছে	সচেতনতা, জ্ঞান ও প্রশিক্ষনের অভাব	সচেতনতা বৃদ্ধিতে ১০ টি ব্যাচের প্রশিক্ষন হয়েছে এবং চলমান আছে	৫০০০ জন কৃষক সচেতন হবে এবং পরিকল্পিত সেচ ও নিরাপদ খাদ্য উৎপাদনে সক্ষম হবে	কৃষি অফিসকে নিয়মিত তত্ত্বাবধান করতে হবে
মৎস্য ও পানি সম্পদ	মাছ চাষে পানির গুণগত মান বজায় না	পুরো উপজেলা	হাজার হাজার চাষী এ	সচেতনতা, জ্ঞান ও প্রশিক্ষনের	চাষী পর্যায়ে সচেতনতামূলক সভা, প্রশিক্ষন ও	৫০০ জন চাষী সচেতন হবে এবং পানির	মৎস্য অফিসকে নিয়মিত

	রাখা, সঠিক খাদ্য ব্যবস্থাপনার অভাব ও বাজারজাতকরণে চ্যানেলের দুর্বলতা		সমস্যা সমূহ মোকাবেলা করছে	অভাব	প্রদর্শনী চলমান আছে এবং চলবে	গুণগত মান বজায় রেখে মৎস্য উৎপাদনে সক্ষম হবে	তত্ত্বাবধান করতে হবে
মহিলা ও শিশু	বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন	পুরো উপজেলা	মহিলা ও শিশুরা এ সমস্যায় আছে	সচেতনতা, নিরাপত্তা ও আইনি প্রয়োগের অভাব	মহিলা ও শিশুদের মাঝে সচেতনতামূলক সভা, নিরাপত্তার নিশ্চয়তা ও আইনের কঠোর প্রয়োগের ব্যবস্থা করতে হবে	১২০০ মহিলা ও শিশু এর সুফল পাবে	মহিলা বিষয়ক কার্যালয়কে উদ্যোগ নিতে হবে

পঞ্চম অধ্যায়ঃ রূপকল্প

৫.১ রূপকল্পঃ

অবকাঠামো উন্নয়ন এবং আধুনিক মান সম্মত শিক্ষা, স্বাস্থ্য ও কৃষি ভিত্তিক সেবা নিশ্চিতকরণের মাধ্যমে লোহাগাড়া উপজেলার জনসাধারণের জীবনমান উন্নয়ন।

ষষ্ঠ অধ্যায়ঃ পরিস্থিতি বিশ্লেষণ

৬.১ বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যঃ

বার্ষিক পরিকল্পনার লক্ষ্য, উদ্দেশ্য ও অভিষ্ট নির্ধারণ করা উপজেলার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এটি-

- উপজেলার স্বচ্ছ ও সুনির্দিষ্ট উন্নয়ন কৌশল যা সংশ্লিষ্ট অংশীজনের সাথে বিনিময় করা সম্ভব হয়
- বার্ষিক পরিকল্পনায় কোন কোন প্রকল্পকে অর্থায়ন করা হবে তার সরাসরি নির্দেশনা দেয়
- বার্ষিক পরিকল্পনা পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং প্রতিবেদনের (monitoring and reporting) স্পষ্ট সূচক বের করে।

পরিস্থিতি বিশ্লেষণের ভিত্তিতে উপজেলা পরিষদ তার রূপকল্প, খাতওয়ারি লক্ষ্যমাত্রা ও প্রত্যাশিত ফলাফল নির্ধারণ করে যাতে করে উক্ত বছরে চিহ্নিত সমস্যাসমূহ মোকাবেলা করা সম্ভব হয়। উপজেলার জন্য বার্ষিক পরিকল্পনার লক্ষ্য, উদ্দেশ্য ও অভিষ্ট নির্ধারণের ক্ষেত্রে রূপকল্প বিবরণী ও পঞ্চ-বার্ষিক পরিকল্পনার খাতওয়ারি লক্ষ্যমাত্রা নির্দেশনা প্রদান করে। বার্ষিক পরিকল্পনার উল্লিখিত লক্ষ্য, উদ্দেশ্য ও অভিষ্ট অনুসারে অগ্রাধিকার প্রকল্প/ স্কিম নির্ধারণ করা সম্ভব হয়।

উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে রূপকল্প একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। পরিকল্পনা হচ্ছে বিদ্যমান সমস্যা ও বিষয়সমূহকে বিবেচনা করার ও ভবিষ্যত প্রয়োজন ও চাহিদা নিধারণের একটি প্রক্রিয়া এবং পদ্ধতিগতভাবে সবচেয়ে কার্যকর উপায় চিহ্নিত করে সমাধানের মাধ্যমে প্রত্যাশিত ফলাফল অর্জন করা। লক্ষ্য (goals), উদ্দেশ্য (objectives) ও অভিষ্ট (targets) নির্ধারণের একটি মানসম্মত ফরম্যাট সারণী ৫ এ প্রদান করা হলো।

৬.২ উপজেলার এসডব্লিউওটি (SWOT) বিশ্লেষণঃ

উপজেলা পরিষদে বসবাসরত মানুষের জীবন ও জীবিকাকে প্রভাবিত করতে পারে এমন অভ্যন্তরীণ ও বাহ্যিক উপাদানসমূহ বিশ্লেষণের মাধ্যমে পরিস্থিতি বিশ্লেষণ করা হয়েছে। নিম্নে উপজেলার প্রাতিষ্ঠানিক সক্ষমতা (strength), দুর্বলতা (weakness), সুযোগ (opportunity) এবং প্রতিবন্ধকতা (threat) - এসডব্লিউওটি - চিহ্নিত করা হয়েছে। এটিকে বিবেচনায় নিয়ে করণীয় নির্ধারণ করা হয়েছে এবং খাতওয়ারি উন্নয়ন প্রতিবন্ধকতা, সম্ভাব্য প্রভাব চিহ্নিত করে প্রতিরোধমূলক ব্যবস্থা নির্ধারণের উদ্যোগ নেয়া হয়েছে।

	উদ্দেশ্য অর্জনের জন্য সহায়ক	উদ্দেশ্য অর্জনের জন্য ক্ষতিকর
অভ্যন্তরীণ প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য	সক্ষমতার দিক (Strength)	দুর্বলতার দিক (Weakness)
	বস্তুগত (যান্ত্রিক) সম্পদ ও দক্ষ জনবল	পরিকল্পনা প্রণয়নে মতামত প্রদানের সুযোগ সীমিত
	জনপ্রতিনিধিদের আইনের প্রতি শ্রদ্ধাবোধ	সকল খাতের প্রতি সমগুরুত্ব না দিয়ে নির্দিষ্ট কিছু খাত যেমন- ভৌত অবকাঠামো ও অনুন্নয়ন খাতে অত্যধিক গুরুত্ব দেয়া
	উন্নয়ন বান্ধব সরকারী নীতি	পরিকল্পনা বিষয়ক কারিগরী জ্ঞানের স্বল্পতা ও দীর্ঘমেয়াদী ও টেকসই উন্নয়ন পরিকল্পনা নেয়ার মানসিকতা না থাকা
	পরিষদের আয় μ মাগত বৃদ্ধি পাওয়া	যথাসময়ে অর্থ ছাড়ের নিশ্চয়তা না থাকা
বাহ্যিক পরিবেশগত বৈশিষ্ট্য	সুযোগের দিক (Opportunities)	প্রতিকূলতা/ঝুঁকির দিক (Threat)
	উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে জনসাধারণের অংশগ্রহণ ও উৎসাহ	দলীয় রাজনৈতিক চাপ ও অভ্যন্তরীণ কোন্দল
	যুগপযোগী/আধুনিক উন্নয়ন বিষয়ক মানসিকতা	প্রান্তিক জনগোষ্ঠী ও অরাজনৈতিক ব্যক্তিবর্গের ক্ষেত্রে সেবা গ্রহণে অনিহা ও দীর্ঘসূত্রিতা
	আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন	প্রকল্প বাস্তবায়নে গুণগতমান রক্ষায় দুর্বল দৃষ্টিভঙ্গি ও সরকারী μ য প্র μ য়ায় অস্বচ্ছতা

সপ্তম অধ্যায়ঃ উপজেলার বিভিন্ন বিভাগ ভিত্তিক প্রকল্পের তালিকা ও পরিস্থিতি বিশ্লেষণ

৭.১ উপজেলার ইউনিয়ন/ বিভাগ ভিত্তিক বার্ষিক উন্নয়ন প্রকল্পঃ

ক্রমিক নং	প্রকল্পের নাম	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	মন্তব্য
১.	বড়হাতিয়া হাদুর পাড়া খোরশেদ আলম এর বাড়ির সামনে সড়কে ড্রেন নির্মাণ ও মমতাজের বাড়ি সংযোগ সড়কে ব্রীক সলিং	১.৫০	প্রকল্প কমিটি
২.	বড়হাতিয়া চাকফিরানী পশ্চিম দুলাভের পাড়া সড়ক ব্রীক সলিং	১.০০	টেভার
৩.	বড়হাতিয়া আমতলী পাগলী ছড়া খালের সুইজ গেইড অফিসের সামনে ওয়াল নির্মাণ	১.২০	টেভার
৪.	বড়হাতিয়া আদর্শ উচ্চ বিদ্যালয়ের উন্নয়ন	১.০০	টেভার
৫.	আমিরাবাদ সুখছড়ি উত্তর পাড়া সার্বজনীন মহাশ্মশান সড়ক সংস্কার	১.২০	প্রকল্প কমিটি
৬.	আমিরাবাদ রাউজন্যা পাড়া মাষ্টার হাট দীঘির দক্ষিণ পার্শ্বে গাইড ওয়াল নির্মাণ	১.২০	টেভার
৭.	আমিরাবাদ সুখছড়ী বারেক চৌধুরী পাড়া দফাদার বাড়ীর সড়কে ব্রীক সলিং	১.০০	টেভার
৮.	আমিরাবাদ ১নং ওয়ার্ডে মেহরাজ বাপের বাড়ী সড়ক ব্রীক সলিং	১.০০	টেভার
৯.	মধ্য আমিরাবাদ পশ্চিম মহুরী পাড়া আইয়ুব সওদাগরের বাড়ী সড়কে ব্রীক সলিং	১.০০	টেভার
১০.	আমিরাবাদ খলু হাজির পাড়া কবর স্থান থেকে মহিলা মেম্বার বাড়ী পর্যন্ত ব্রীক সলিং	১.০০	টেভার
১১.	উত্তর আমিরাবাদ এমবি উচ্চ বিদ্যালয়ের দক্ষিণ দিকে মজুমদার পাড়া সড়কে ব্রীক সলিং	১.০০	টেভার
১২.	পদুয়া ফরিয়াদেরকুল ১নং ওয়ার্ড বায়তুন নুর জামে মসজিদের টয়লেট নির্মাণ	১.২০	প্রকল্প কমিটি
১৩.	পদুয়া চুনতি পাড়া জামে মসজিদের টয়লেট নির্মাণ	১.০০	টেভার
১৪.	পদুয়া বসাক পাড়া পুকুরের পূর্ব পার্শ্বে স্ল্যাব নির্মাণ	২.০০	টেভার
১৫.	পদুয়া আলী সিকদার পাড়া ফোরকানিয়া মাদ্রাসার উন্নয়ন	২.০০	প্রকল্প কমিটি
১৬.	চরম্বা নোয়ারবিলা ৮নং ওয়ার্ড করিয়া পুকুরে পাড় জামে মসজিদ হতে নুর আহমদের বাড়ি (রাজঘাটা) সড়ক ব্রীক সলিং	১.২০	প্রকল্প কমিটি
১৭.	চরম্বা পশ্চিম রাজঘাটা মোস্তাক মেম্বারের বাড়ীর সড়ক ব্রীক সলিং	১.০০	টেভার
১৮.	চরম্বা নয়া বাজার পুকুরের পশ্চিম পার্শ্বে গাইড ওয়াল নির্মাণ	২.০০	টেভার

১৯.	চরধা মজিদের পাড়া সড়কে বক্স কালভার্ট পুনঃ নির্মাণ	১.০০	টেভার
২০.	কলাউজান আল হেরা জামে মসজিদের টয়লেট নির্মাণ	১.২০	টেভার
২১.	কলাউজান বাংলাবাজার ৪নং ওয়ার্ডে কবরস্থানের সড়ক ও নজরুলের বাড়ীর সামনে সড়কে ব্রীক সলিং	১.৫০	টেভার
২২.	উত্তর কলাউজান খামার বাড়ী সড়কে ব্রীক সলিং	১.২০	টেভার
২৩.	পশ্চিম কলাউজান খতিবিয়া সড়কে কালভার্টের স্লেভ নির্মাণ	১.০০	টেভার
২৪.	পূর্ব কলাউজান মেহেরগ্যা বাপের পাড়া ব্রীক সলিং	১.০০	টেভার
২৫.	পূর্ব কলাউজান হযরত আবু বকর ছিদ্দিক (র:) এতিমখানা সড়কে ব্রীক সলিং	১.০০	টেভার
২৬.	লোহাগাড়া মোস্তফা বেগম গার্লস উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ	৪.০০	টেভার
২৭.	লোহাগাড়া শাহপীর পাইলট উচ্চ বিদ্যালয় উন্নয়ন	৫.০০	টেভার
২৮.	লোহাগাড়া পূর্ব হাজীর পাড়া ফোরকানিয়া মাদ্রাসার উন্নয়ন	১.০০	প্রকল্প কমিটি
২৯.	লোহাগাড়া সুখছড়ী খালের ভাঙ্গা মেরামত	২.০০	প্রকল্প কমিটি
৩০.	লোহাগাড়া থানা রাস্তার মাথা সংলগ্ন জামে মসজিদের পুকুরে রিটার্ণিং ওয়াল নির্মাণ	১.২০	টেভার
৩১.	লোহাগাড়া রশিদের পাড়া আকবর আলী মুন্সির পাড়া সড়ক এইচবিবি করণ	২.০০	প্রকল্প কমিটি
